



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও  
ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd




স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-০৮৮

তারিখ: ১৭-১১-২০২০ খ্রি.

বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণির অনুত্তীর্ণ/রেফার্ডধারী অনিয়মিত শিক্ষার্থীদের আবশ্যিক ও ট্রেড বিষয়সমূহের উপর ৩০ (ত্রিশ) কর্মদিবসের শিক্ষার্থী মূল্যায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাকাশিবো-এর অধীনে পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণির ট্রেড বিষয়ের উপর ৩০ (ত্রিশ) কর্মদিবসের শিক্ষার্থীদের মূল্যায়ন সংক্রান্ত পত্র জারি করা হয় এবং পত্রের সাথে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-এর নির্দেশিকাসহ ট্রেড বিষয়ের উপর ৩০ (ত্রিশ) কর্মদিবসের পাঠ্যসূচি এবং ০৮ সপ্তাহের মূল্যায়ন টুলস বাকাশিবো-এর ওয়েব সাইটে আপলোড করা হয়। এছাড়াও ০৩-১১-২০২০ খ্রি. তারিখে আবশ্যিক বিষয়ের উপর ৩০ (ত্রিশ) কর্মদিবসের পাঠ্যসূচি মূল্যায়ন টুলস (সংশোধিত) বাকাশিবো-এর ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। ২০২০ সনের নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক অনুত্তীর্ণ/রেফার্ডধারী অনিয়মিত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয়ে অ্যাসাইনমেন্ট, প্রযোজ্য ক্ষেত্রে ০৮ সপ্তাহের টুলস, অ্যাসাইনমেন্ট প্রস্তুত করে স্ব প্রতিষ্ঠানে রুটিন অনুযায়ী জমা প্রদান করবে। অ্যাসাইনমেন্টসমূহ যথাসময়ে প্রদান এবং জমার বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষক রেকর্ড রাখবেন এবং প্রতিষ্ঠান প্রধান তা মনিটর করবেন। বোর্ডের প্রয়োজনে চাহিবা মাত্রই প্রতিষ্ঠান প্রধান সেটি সরবরাহ করবেন। অ্যাসাইনমেন্টের উপর প্রদত্ত গ্রেডকে নম্বরে পরিবর্তন করে বাকাশিবো-এর প্রদত্ত মূল্যায়ন শীটে বোর্ডে নম্বর প্রেরণ করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে আরোও নির্দেশনা এবং মূল্যায়ন শীট বোর্ড হতে প্রদান করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

  
(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহমেদ)  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক:


১. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট  
সকল সরকারি টিএসসি/টিটিসি/টিভিআই।
২. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক  
এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্স চালুকৃত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩৫.০০২.১২-০৮৮(১৩)

তারিখ: ১৭-১১-২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), শিক্ষা ভবন, ঢাকা।
০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, কাকরাইল, ঢাকা।
০৪. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।
০৫. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), কারওয়ান বাজার, ঢাকা।
০৬. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা।
০৭. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮-১০. পরিচালক (আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (পত্রখানা ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১২. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. সংরক্ষণ নথি।

  
(মুহূ আবদুর রাজ্জাক মিঞা)  
কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।